

# শিক্ষার আলো বঞ্চিত শিশুরা

তাড়াইলে ৪৭ গ্রামে প্রাইমারি স্কুল নেই

তাড়াইল (কিশোরগঞ্জ) মহানগর পঞ্চায়েত  
কিশোরগঞ্জের তাড়াইল উপজেলার ৪৭টি গ্রামে কোনো  
প্রাথমিক বিদ্যালয় নেই। স্বাধীনতার ৪১ বছর পরও এসব  
গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপিত না হওয়ায় সর্বশ্রেষ্ঠ এলাকার  
হাজার হাজার কোমলবয়সি পিতা-পিতার আলো থেকে বঞ্চিত  
হচ্ছে। তবে অনেক পিতা-কিশোর প্রাথমিক শিক্ষা গ্রহণের  
আপেই করে পড়ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসসূত্রে জানা যায়,  
উপজেলার ১১৪টি গ্রামের মধ্যে ৬৭টি গ্রামে প্রাথমিক  
বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৪৬টি সরকারি, ২০টি  
বেসরকারি রেজিস্টার্ড এবং উপজেলার তালুকদা ইউনিয়নের  
আকুবপুর গ্রামে একটি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়  
রয়েছে। এছাড়া দামিহা ইউনিয়নের আনোয়ারপুর ও রাউতি

ইউনিয়নের মাউনপুর গ্রামে একটি করে অস্থায়ী রেজিস্টার্ড  
প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর  
সংখ্যা প্রায় ২৫ হাজার।

খবর নিয়ে জানা যায়, অনুরূপ যোগাযোগ ব্যবস্থা,  
আমশাসনাত্মিক জটিলতা ও রাজনৈতিক দলের স্থানীয়  
নেতৃত্বশ্রেণির সমিচ্ছার অভাবে উপজেলার ৪৭টি গ্রামে  
এখনো পর্যন্ত সরকারি বা বেসরকারি কোনো প্রাথমিক  
বিদ্যালয় স্থাপিত হয়নি। তবে এসব গ্রামের পিতা-কিশোর  
পার্শ্ববর্তী গ্রামের প্রাথমিক বিদ্যালয়গুলোতে লেখাপড়া  
করতে গিয়ে খাতাখাত সমস্যাসহ বিভিন্ন প্রতিবন্ধকতার  
কারণে প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। অনেকে  
আবার প্রাথমিক শিক্ষার পতি অতিক্রম করার আপেই করে  
পড়ছে।